পল্লী উন্নয়নে সোনালী সোপান

সঞ্চয় করুন ভবিষ্যত গড়ুন

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
প্রোগ্রামিং শাখা

২৯ জুলাই, ২০১৮ তারিখ অনুষ্ঠিত ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ হাসানুল ইসলাম এনডিসি<br>পরিচালক |
| সভার তারিখ | ২৯ জুলাই, ২০১৮ |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | পরিচালক (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য। |

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় সভার সদস্য সচিব উপপরিচালক (প্রোগ্রামিং)-কে সভার বিষয়বস্তু আলোচনা করতে বলেন। উপপরিচালক (প্রোগ্রামিং) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে প্রাপ্ত পত্র যার স্মারক নং-৪৭.০০.০০০০.০৪৩.১৬.০০৭.১৬ তারিখঃ ১১ জুলাই, ২০১৮ খ্রিঃ এর প্রতিটি অনুচ্ছেদ সভায় উপস্থাপন করেন। সভায় আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন বিষয়ক আলোচনায় সভাপতি মহোদয় বলেন, লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ অনুযায়ী বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন, কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং তা তথ্য বাতায়নে প্রকাশ নির্ধারিত সময়ের মধ্যেই যেন করা যায় সে বিষয়ে ইনোভেশন কমিটিকে একসাথে কাজ করতে হবে। | ৩১-৭-২০১৮ তারিখের মধ্যে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। কর্মপরিকল্পনা ১২-৮-২০১৮ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং ২৬-৮-২০১৮ তারিখের মধ্যে তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে। | ইনোভেশন কমিটি ও প্রোগ্রামিং শাখা |
| ২ | ইনোভেশন টিমের সভা | ইনোভেশন কার্যক্রম ত্বরান্বিত করার জন্য ইনোভেশন টিমের সভা নিয়মিত করা প্রয়োজন বলে সভায় উপস্থিত সকলেই মনে করেন। গত অর্থ বছরে ইনোভেশন কমিটির ৫টি সভা অনুষ্ঠিত হয়েছিল। কর্মপরিকল্পনা অনুযায়ী এ অর্থ বছর ১০টি সভা আয়োজন এবং সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন বিষয়ে আলোচনা হয়। | এ অর্থ বছরে ইনোভেশন টিমের ১০টি সভা করতে হবে। অর্থ্যাৎ প্রতি মাসে ১টি করে সভা আহ্বান করতে হবে। | ইনোভেশন কমিটি |
| ৩ | উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধি | উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির জন্য ০১, ০২ এবং ০৫দিন মেয়াদী প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন বিষয়ে সভায় আলোচনা হয়। উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণের বিদেশে শিক্ষা সফরের ব্যবস্থা করা যেতে পারে। | উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির জন্য ০১ দিন মেয়াদী ৬টি ব্যাচ, ০২দিন মেয়াদে ৬০ জন এবং ০৫ দিন মেয়াদে ৩০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে। উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত সর্বোচ্চ ৩জন কর্মকর্তার বিদেশে শিক্ষা সফরের ব্যবস্থা করতে হবে। | ইনোভেশন কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | স্বীয় দপ্তরের সেবায় উদ্ভাবনী ধারণা /উদ্যোগ আহবান, যাচাই-বাছাই সংক্রান্ত কার্যক্রম | স্বীয় দপ্তরের সেবায় উদ্ভাবনী ধারণা /উদ্যোগ আহবান, যাচাই-বাছাই সংক্রান্ত কার্যক্রমের তালিকা প্রকাশের বিষয়ে আলোচনায় কমিটির সদস্যগণ জানান মাঠ পর্যায়ে বাস্তবায়িতব্য বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ আনয়নের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। ২২টি জেলা হতে ইতোমধ্যে উদ্ভাবনী উদ্যোগের তথ্য পাওয়া গেছে। অবশিষ্ট জেলাসমূহ হতে তথ্য আনয়নের জন্য যোগাযোগ করা হচ্ছে। মাঠ পর্যায় থেকে আইডিয়াসমূহ পাওয়া গেলে তা যাচাই-বাছাইয়ান্তে আইডিয়া ব্যাংকে জমা রাখা হবে। | দ্রুত মাঠ পর্যায় থেকে উদ্ভাবনী উদ্যোগ সমূহের তথ্য আনয়ন করতে হবে। তথ্য আনয়ন এবং যাচাই-বাছাইপূর্বক উদ্ভাবনী উদ্যোগের তালিকা ৩০-৮-২০১৮ তারিখের মধ্যে প্রকাশ এবং তা ১০-৯-২০১৮ তারিখের মধ্যে আইডিয়া ব্যাংকে জমা রাখার ব্যবস্থা করতে হবে। ইতোপূর্বে পাইলটিংকৃত ‘বিআরডিবি মোবাইল ইনডেক্স’ শীর্ষক উদ্ভাবনী উদ্যোগটি আইডিয়া ব্যাংকে জমা দিতে হবে। | ইনোভেশন কমিটি ও প্রোগ্রামিং শাখা |
| ৫ | উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং | উদ্ভাবনী উদ্যোগসমূহের মধ্যে ৩জন কর্মকর্তার ৩টি উদ্যোগের মধ্যে ১টি সারাদেশে বাস্তবায়ন, ০১টি আঞ্চলিক পর্যায়ে বাস্তবায়ন এবং ১টি পুনরায় পাইলটিং হচ্ছে মর্মে প্রোগ্রামিং শাখা জানান। ইতোমধ্যে ২জন কর্মকর্তাকে তাদের আইডিয়া বাস্তবায়নের জন্য বাজেট বরাদ্দ দেয়া হয়েছে। পাইলটিংকৃত উদ্যোগসমূহের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। | নতুন ইনোভেশন আইডিয়াসমূহ যাচাই-বাছাই করে কয়টি আইডিয়ার বিপরীতে বাজেট বরাদ্দ দেয়া যায় সে বিষয়ে ইনোভেশন কমিটি সুপারিশ পেশ করবেন। কমিটির সুপারিশ অনুযায়ী ইনোভেটরদের বাজেট বরাদ্দ দিতে হবে। | ইনোভেশন কমিটি |
| ৬ | ইনোভেশন শোকেসিং | বর্তমানে ২টি ইনোভেশন আইডিয়া শোকেসিং করা হয়েছে এবং ১টি ইনোভেশন আইডিয়া রেপ্লিকেশনের জন্য নির্বাচন করা হয়েছে। | কর্মপরিকল্পনা অনুযায়ী ১৫-৫-২০১৯ তারিখের মধ্যে নতুন ইনোভেশন আইডিয়া শোকেসিং এবং শোকেসিং এর মাধ্যমে রেপ্লিকেশনযোগ্য ৩টি উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করতে হবে। | প্রোগ্রামিং শাখা |
| ৭ | উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে বাস্তবায়ন কাজ চলমান আছে মর্মে প্রোগ্রামিং শাখা এবং ইনোভেশন কমিটি জানান। বাস্তবায়িতব্য উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনার কার্যক্রম অগ্রগতি সভায় আলোচনা হয়। | কর্মপরিকল্পনা অনুযায়ী ১০-৬-২০১৯ তারিখের মধ্যে উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে বাস্তবায়নের জন্য অফিস আদেশ জারি এবং ১৬-৬-২০১৯ তারিখের মধ্যে উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনার কাজ সম্পন্ন করতে হবে। | ইনোভেশন কমিটি ও প্রোগ্রামিং শাখা |
| ৮ | ইনোভেশন মেন্টরিং | ইনোভেশন টিমের কাজ দ্রুত ও সুষ্ঠুভাবে করার জন্য মেন্টর নির্বাচন এবং তাদের ২দিন মেয়াদী কর্মশালা আয়োজন বিষয়ে সভায় আলোচনা হয়। | মাঠ পর্যায় থেকে নতুন ইনোভেশন আইডিয়াসমূহ আনয়নের পর আগামী ২৯-৮-২০১৮ তারিখের মধ্যে সেখান থেকে মেন্টর নির্বাচন এবং তাদের কর্মশালার আয়োজন করতে হবে। | ইনোভেশন কমিটি ও প্রোগ্রামিং শাখা |
| ৯ | স্বীকৃত বা প্রণোদনা প্রদান | ইনোভেশন কার্যক্রম সুন্দর এবং সূচারুরূপে সম্পন্ন করার জন্য ইনোভেটরদের স্বীকৃতি বা প্রণোদনা প্রদানের বিষয়ে সভাপতি মহোদয় মত প্রকাশ করেন। কমিটির সদস্যগণ সে বিষয়ে একমত পোষণ করে বলেন যারা ইনোভেশন নিয়ে ভালভাবে কাজ করছে তাদের অভিনন্দন পত্র / ক্রেস্ট অথবা বিভিন্ন প্রণোদনামূলক পুরস্কার প্রদান করা হলে ইনোভেটরগণ উদ্ভাবনী কাজে আরও মনোযোগী হবেন। | ইনোভেটরগণের মধ্যে যারা ভাল কাজ করছেন তাদের বাছাই করে অভিনন্দন পত্র / ক্রেস্ট অথবা বিভিন্ন প্রণোদনামূলক পুরস্কার প্রদান করতে হবে। | ইনোভেশন কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | ইনোভেশন খাতের বরাদ্দ | ইনোভেশন কার্যক্রম ত্বরান্বিত করার জন্য ইনোভেটরদের আর্থিক সহায়তা দেয়া প্রয়োজন বলে কমিটির সদস্যগণ মনে করেন। বিগত ২০১৭-১৮ অর্থ বছর ২জন ইনোভেটরকে ১.৯৫ লক্ষ টাকা প্রদান করা হয়েছে মর্মে প্রোগ্রামিং শাখা হতে জানানো হয়। | চলতি ২০১৮-১৯ অর্থ বছরে ইনোভেশন ও উদ্ভাবনী উদ্যোগ খাতে ৫.০০ লক্ষ টাকা বাজেট বরাদ্দ করা হয়েছে বলে হিসাব শাখা হতে জানানো হয়। | ইনোভেশন কমিটি |
| ১১ | পার্টনারশীপ ও নেটওয়ার্কিং | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিতকরণ ও তাদের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে সভায় আলোচনা হয়। | নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে ১টি সমঝোতা স্মারক স্বাক্ষর করতে হবে। | ইনোভেশন কমিটি |
| ১২ | ইনোভেশন সংক্রান্ত তথ্য | তথ্য বাতায়নে ইনোভেশন কর্নারের সকল তথ্য হালনাগাদকরণের বিষয়ে আলোচনায় প্রোগ্রামিং শাখা হতে জানানো হয় যে, হালনাগাদকৃত তথ্যসমূহ হাতে পাওয়ার সাথে সাথেই তা ওয়েবসাইটের ইনোভেশন কর্নারে আপলোড করা হয়। | কর্মপরিকল্পনা অনুযায়ী ৩১-১২-২০১৮ তারিখের মধ্যে ইনোভেশন কর্নারের সকল তথ্য হালনাগাদ করতে হবে। | প্রোগ্রামিং শাখা |
| ১৩ | ই-সেবা তৈরি ও বাস্তবায়ন | ই-সেবা তৈরি ও বাস্তবায়ন বিষয়ে আলোচনায় কমিটির সদস্যগণ বলেন বর্তমান বিআরডিবি'তে ই-সেবা তৈরি ও বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। | কর্মপরিকল্পনা অনুযায়ী ১৫-০২-২০১৯ তারিখের মধ্যে ১টি ই-সেবা তৈরি ও বাস্তবায়ন করতে হবে। | প্রোগ্রামিং শাখা |
| ১৪ | সেবা পদ্ধতি সহজিকরণ | সেবা পদ্ধতি সহজিকরণ বিষয়ে আলোচনায় কমিটির সদস্যগণ বলেন, উপ প্রকল্প পরিচালক (ইরেসপো) এবং সহকারী পরিচালক (পদাবিক) এ বিষয়ে কাজ করছেন। | নির্ধারিত সময়ের মধ্যে কমপক্ষে ১টি সেবা পদ্ধতি সহজিকরণ ও বাস্তবায়ন করতে হবে। | উপ প্রকল্প পরিচালক (ইরেসপো), সহকারী পরিচালক (পদাবিক) |
| ১৫ | উদ্ভাবন কর্মপরিকল্পনা মূল্যায়ন | উদ্ভাবন কর্মপরিকল্পনা মূল্যায়ন বিষয়ে আলোচনায় সভাপতি মহোদয় বলেন অর্ধ-বার্ষিক এবং বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন কমিটির সদস্যগণ সম্মিলিতভাবে তৈরি করবেন এবং তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবেন। | কর্মপরিকল্পনা অনুযায়ী ৩১-১-২০১৯ তারিখের মধ্যে বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব মূল্যায়ন প্রতিবেদন তৈরি, ৫-২-২০১৯ তারিখের মধ্যে প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ, ১৫-৭-২০১৯ তারিখের মধ্যে বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত এবং মন্ত্রিপরিষদ বিভাগে বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ করতে হবে । | ইনোভেশন কমিটি |



মোঃ হাসানুল ইসলাম এনডিসি
পরিচালক

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৯৭.১৮.৫৭

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৫
০২ আগস্ট ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে)ব্যবস্থা গ্রহণার্থে:


১) পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, বিআরডিবি, ঢাকা।

২) যুগ্মপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), সমবায়, ঋণ ও বাজারজাতকরণ অনুবিভাগ, বিআরডিবি, ঢাকা।

৩) উপপরিচালক, পরিকল্পনা শাখা, বিআরডিবি, ঢাকা।

৪) উপ প্রকল্প পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা।

৫) সহকারী পরিচালক (পদাবিক), বিআরডিবি, ঢাকা।



সৈয়দ শাহ মোহাম্মদ আরিফ আসদাক

উপপরিচালক (প্রতিকল্প)